

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০০৫.১৫/৫১১৫

তারিখঃ ০১/০৯/২০১৬ইং।

অফিস আদেশ

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন যশোর পলিটেকনিক ইনস্টিটিউট, যশোর এর ক্রফট ইন্সট্রাক্টর (সপ) জনাব মোঃ মহব্বত আলী শেখ চাকুরীরত অবস্থায় গত ২৭/০৩/২০১৬ইং তারিখে মৃত্যুবরণ করেন। তার বিধবা স্ত্রী নুরজাহান বেগম পরিবারের অন্যান্য ওয়ারিশদের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত হয়ে মরহমের অভোগকৃত পাওনা ছুটির বিনিময়ে এককালীন আর্থিক অনুদান মঞ্জুরীর আবেদন করেছেন।

২। মৃত কর্মচারীর চাকুরীবহি নিরীক্ষান্তে দেখা যায় পূর্ণগড় বেতনে ৬২০ দিন এবং অর্ধগড় বেতনে ৬৯৩ দিন ছুটি পাওনা আছেন। অর্ধগড় বেতনের ৬৯৩ দিন ছুটিকে পূর্ণগড় বেতনে রূপান্তর করে (৬৯৩÷২)=৩৪৬.৫ দিন ছুটিসহ সর্বমোট পূর্ণগড় বেতনে ছুটি (৬২০+৩৪৬.৫)=৯৬৬.৫ দিন অর্থাৎ ৩২ মাস ০৬ দিনের অভোগকৃত ছুটি পাওনা আছে। চাকুরীবহি ও ইএলপিসি অনুযায়ী তাঁর সর্বশেষ মাসিক মূল বেতন ২২,৫৫০/- হারে ১৮ মাসের মূলবেতনের সম-পরিমাণ (২২,৫৫০×১৮মাস)=৪,০৫,৯০০/- (চার লক্ষ পাঁচ হাজার নয়শত) টাকা অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/প্রবি-২/ছুটি-১৬/৮৪/১৯৩ তারিখ- ২১/৯/১৯৮৫ইং মোতাবেক এককালীন আর্থিক অনুদান হিসাবে মঞ্জুরী প্রদান করা হল।

৩। উল্লিখিত টাকা উত্তোলন করে মরহমের বিধবা স্ত্রী নুরজাহান বেগমকে প্রদানের জন্য যশোর পলিটেকনিক ইনস্টিটিউট এর অধ্যক্ষকে ক্ষমতা দেয়া হল।

স্বাক্ষরিত/-

(ড. শেখ আবু রেজা)

পরিচালক (পরিঃ ও উন্নঃ)

ও

রুটিন দায়িত্ব পরিচালক(প্রশাসন)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


ফোন-০২-৯১১০৬৮৯

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০০৫.১৫/৫১১৫ (৬)

তারিখঃ ০১/০৯/২০১৬ইং।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। অধ্যক্ষ, যশোর পলিটেকনিক ইনস্টিটিউট, যশোর। এ তাঁর ১৮/০৮/২০১৬ইং তারিখের ৯৯০ নম্বর স্মারকের বরাতে করা হল।
এতদসঙ্গে চাকুরীবহি ফেরত প্রদান করা হল।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, যশোর।
- ৪। আই.সি. টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
- ৫। জনাব নুরজাহান বেগম, স্বামীমৃত মোঃ মহব্বত আলী শেখ, প্রাক্তন ক্রফট ইন্সট্রাক্টর (সপ), যশোর পলিটেকনিক ইনস্টিটিউট।
বর্তমানে- গ্রাম-শেখহাটী, পোঃ-নিউটাউন, থানা-যশোর সদর, জেলা-যশোর।
- ৬। সংরক্ষণ/ সংশ্লিষ্ট নথি।


(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)

সহকারী পরিচালক

ফোন-০২-৮১৮১২২৫
